



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা ভবন, কৃষি খামার সড়ক
ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৩৯

তারিখঃ ১৫-০১-২০২৫ খ্রিঃ।

অফিস আদেশ

তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি)'র বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির গত ৩০-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রত্যয়নের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯৩০০-২২৪৯০/- টাকা বেতনক্রম ও বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ রাজস্বখাতের ১৬তম গ্রেডভুক্ত “ক্যাশিয়ার” পদে শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্র.নং	মেধাক্রম	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১	০১	মোহাম্মদ রানা জুএগ পিতা- আব্দুল কাদির মাতা- রাজিয়া খাতুন	১৯০০০৩০৯	গ্রামঃ শ্রীরামদী ডাকঘরঃ পাকুন্দিয়া-২৩২৬ উপজেলা/থানাঃ পাকুন্দিয়া জেলাঃ কিশোরগঞ্জ।	তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, রংপুর।
২	০২	মোঃ সোহেল রানা পিতা-মোঃ মাজেদার রহমান মাতা-মোছাঃ হালিমা খাতুন	১৯০০০১১২	গ্রামঃ দীঘা ডাকঘরঃ গোস্বামী দুর্গাপুর-৭০৩১ উপজেলা/থানাঃ কুষ্টিয়া সদর, জেলাঃ কুষ্টিয়া।	তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, কুষ্টিয়া।
৩	০৩	আর্জিনা আক্তার পিতা-মোঃ আফজাল হোসেন মাতা-আমেনা বেগম	১৯০০০০৪৬	গ্রামঃ ৫৫, পশ্চিম বাইচাইল ডাকঘরঃ ধামরাই-১৩৫০ উপজেলা/থানাঃ ধামরাই জেলাঃ ঢাকা।	তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, বগুড়া।

শর্তাবলী:

- প্রার্থী কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তির আদেশ (Release Order) গ্রহণ করতে হবে;
- চাকুরীতে যোগদানকালে সরকারি বিধি অনুযায়ী সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন দাখিল করতে হবে;
- চাকুরীতে যোগদানের পর প্রার্থীকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাদের চাকরির অবসান ঘটাতে পারবেন;
- শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর/তাদের চাকরি স্থায়ী করা হবে;
- শিক্ষানবিশকালে কোন যুক্তিসঙ্গত বা আইনসঙ্গত কারণে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় চাকরিচ্যুত করতে পারবে;
- ভবিষ্যতে তাঁর শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাই এবং আবেদনপত্রে প্রদানকৃত তথ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে তাঁর নিয়োগপত্র তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

জ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোন ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

ঝ) এ চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

২। উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০২-০২-২০২৫ তারিখে তাঁকে সকল শিক্ষণত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদ এবং প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ১ (এক) সেট সত্যায়িত ফটোকপিসহ পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ ed@cdb.gov.bd

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৩৯

তারিখঃ ১৫-০১-২০২৫ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ)।
২. ডিভিশনাল কম্পিউটার অব একাউন্টস, রংপুর বিভাগ, রংপুর।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, যশোর/রংপুর।
৫. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুষ্টিয়া/বগুড়া জেলা।
৬. সিভিল সার্জন, কিশোরগঞ্জ/কুষ্টিয়া/বগুড়া/ঢাকা/রংপুর জেলা।
৭. প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়, রংপুর/কুষ্টিয়া/বগুড়া।
৮. তুলা উন্নয়ন কর্মকর্তা (আইসিটি শাখা), তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১০. জনাব মোহাম্মদ রানা ভুঞা, পিতা-আব্দুল কাদির, মাতা-রাজিয়া খাতুন, গ্রাম-শ্রীরামদী, ডাকঘর-পাকুন্দিয়া-২৩২৬, উপজেলা/থানা-পাকুন্দিয়া, জেলা-কিশোরগঞ্জ।
১১. জনাব মোঃ সোহেল রানা, পিতা-মোঃ মাজেদার রহমান, মাতা-মোছাঃ হালিমা খাতুন, গ্রাম-দীঘা, ডাকঘর-গোস্বামী দুর্গাপুর-৭০৩১, উপজেলা/থানা-কুষ্টিয়া সদর, জেলা-কুষ্টিয়া।
১২. জনাব আর্জিনা আক্তার, পিতা-মোঃ আফজাল হোসেন, মাতা-আমেনা বেগম, গ্রাম- ৫৫, পশ্চিম বাইচাইল, ডাকঘর-খামরাই-১৩৫০, উপজেলা/থানা-খামরাই, জেলা-ঢাকা।
১৩. অফিস/ব্যক্তিগত নথি।

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ ed@cdb.gov.bd